

০৭ ডিসেম্বর ২০১৭

রাজশাহী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি) ছাত্রীদের ওপর ছাত্রলীগের হামলায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর নিন্দা।

রাজশাহী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি) ছাত্রীদের ওপর ছাত্রলীগের হামলার তীব্র নিন্দা জানাচ্ছে আইন ও সালিশ কেন্দ্র (আসক)।

গণমাধ্যমসূত্রে জান যায়, রাজশাহী ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি) ক্যাম্পাসে মেডিকেল টেকনোলজিস্টদের কেন্দ্রীয় কর্মসূচীতে কয়েকজন ছাত্রীর অনুপস্থিতির জের ধরে ছাত্রলীগের নেতারা ছাত্রীনিবাসে হামলা চালায়। এতে পাঁচজন ছাত্রী অসুস্থ হয়ে পড়েন। হামলার শিকার ছাত্রীরা অভিযোগ করেন, পুলিশ এবং অধ্যক্ষের সামনেই ছাত্রলীগের নেতারা তাদের ওপর হামলা চালায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আইএইচটি কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করে।

শিক্ষা প্রতিষ্ঠানে সরকার দলীয় ছাত্র সংগঠনের এই ধরনের বেপোরোয়া হামলা বরাবরই শিক্ষার সুষ্ঠু পরিবেশ ব্যহত করেছে। শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা এবং এই ধরনের হামলার পুনরাবৃত্তি রোধে জড়িতদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে আইন ও সালিশ কেন্দ্র (আসক)। আসক মনে করে, একটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক এবং আইন শৃঙ্খলা রক্ষাবাহিনীর উপস্থিতিতে নারী শিক্ষার্থীদের ওপর এধরনের হামলার ঘটনা যথেষ্ট উদ্বেগজনক। আইন ও সালিশ কেন্দ্র (আসক) শিক্ষক ও আইন-শৃঙ্খলা রক্ষাবাহিনীর সদস্যদের প্রতি এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধে দায়িত্বশীলতার পরিচয় দিতে আহ্বান জানাচ্ছে।